


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

বিষয় : তুলা উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বর্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের নিমিত্তে তুলা উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন(সংযুক্ত) মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মো: আখতারুল ইসলাম
অতিরিক্ত পরিচালক

ও

আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ
কমিটি

নির্বাহী পরিচালক
তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনার কার্যক্রম ৮.১ এর আওতায় স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরীক্ষণ সংক্রান্ত প্রতিবেদন।

গত ২৭/০২/২০২১ তারিখ তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনার ৮.১ কার্যক্রম অনুসারে স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরীক্ষণ কমিটি কর্তৃক ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় (৮.১) এর মন্তব্য কলামে উল্লেখিত মানসম্পন্ন তুলা বীজ সরবরাহ, আশৈর গুনগতমান পরীক্ষণ সহায়তা, জিপিএফ অগ্রিমের আবেদন নিষ্পত্তিকরণ এবং পিআরএল মঞ্জুরসহ অন্যান্য সংক্রান্ত কার্যক্রমসমূহ পরীক্ষণ করা হয় যা নিম্নে উপস্থাপন করা হলো।

১. আশৈর গুনগত মান পরীক্ষণঃ নথি নম্বর ১২.০৭.০০০০.১০৯.১৬.০০১.১৫ পর্যালোচনা করে দেখা যায় যে নির্ধারিত সময়ের মধ্যে ড. এম. এম. আবেদ আলী গবেষণা প্লটের আশৈর মান পরীক্ষণ এর জন্য ২৭/০১/২০২১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ১০৩টি আঁশ তুলা নমুনার ৬টি প্যারামিটারের রিপোর্ট ১০/০২/২০২১ তারিখে প্রদান করা হয়।

মন্তব্যঃ নিবন্ধিত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

২. জিপিএফ অগ্রিমের আবেদন নিষ্পত্তি করণঃ তুলা উন্নয়ন বোর্ডের জিপিএফ অগ্রিম আবেদন মঞ্জুরী বিষয়টি অভ্যন্তরীণ সেবার আন্তর্ভাষীন। এক্ষেত্রে আবেদন প্রাপ্তি সাপেক্ষে জিপিএফ এর জন্য মঞ্জুরি পত্র জারি করা হয়। নথি নং ১২.০৭.০০০০.১০২.০২.০০১.১৮ পর্যালোচনা করে দেখা যায়, জনাব মোঃ কুতুব উদ্দিন, সিসিডিও, যশোর জোন এর জিপিএফ ফান্ড হতে অফেরত যোগ্য হিসেবে ১২,০০,০০০/- টাকা মাত্র ৩১/০১/২০২১ তারিখে অগ্রিম উত্তোলনের মঞ্জুরী প্রদান করা হয়। তার আবেদন যশোর আঞ্চলিক কার্যালয় হতে সদর দপ্তরে ২১/০১/২১ তারিখে পৌঁছে। এবং ২৭/০১/২১ তারিখে নোটে উপস্থাপন হয় এবং ৩১/০১/২০২১ তারিখে মঞ্জুরী পত্র জারি হয়।

মন্তব্যঃ নির্ধারিত সময়সমীমার মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

৩. পিআরএল মঞ্জুরঃ নথি নং ১২.০৭.০০০০.১০১.১৩.০৩১.১৮ পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মোঃ রফিকুল ইসলাম এর অবসর উত্তর ছুটি ও লামগ্রেভ মঞ্জুরীর ১৮/০১/২০২১ তারিখের আবেদন এর প্রেক্ষিতে ০২/০২/২০২১ তারিখে অফিস আদেশ জারি করা হয়েছে, যা সেবা প্রদান প্রতিশ্রুতির সেবা প্রদানের সময়সীমা অনুযায়ী বাস্তবায়ন হয়েছে।

মন্তব্যঃ নির্ধারিত কার্যদিবসের মধ্যে সেবা প্রদান করা হয়েছে।

৪. মন্ত্রীপরিষদ বিভাগ এবং কৃষি মন্ত্রণালয় হতে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্দেশনা মোতাবেক তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে এবং মাঠ পর্যায়ের অফিস এর হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে।

সুপারিশঃ

১. সকল শাখার নথি যথাসময়ে কার্যদিবসের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।


২. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে।


ফাহিনুর রহমান শাতিল
তুলা উন্নয়ন কর্মকর্তা

তুলা উন্নয়ন কর্মকর্তা

ও


সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
তুলা উন্নয়ন বোর্ড


ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
প্রকল্প পরিচালক

ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
প্রকল্প পরিচালক

ও

সদস্য, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি,
তুলা উন্নয়ন বোর্ড


মোঃ আখতার হােক
অতিরিক্ত পরিচালক

মোঃ আখতার হােক
অতিরিক্ত পরিচালক

ও

আহবায়ক, সিটিজেন চার্টার পরিবীক্ষণ
কমিটি, তুলা উন্নয়ন বোর্ড